

সংবাদ বিজ্ঞপ্তি
ফিলিস্তিনে ইসরায়েলি হত্যায়ুক্ত অবিলম্বে
বন্ধ করতে হবে: নোবিপ্রবি উপাচার্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেছেন, ফিলিস্তিনে ইসরায়েলি যে নির্মম হত্যায়ুক্ত চালাচ্ছে অবিলম্বে তা বন্ধ করতে হবে। আমরা এ নির্মমতার তীব্র নিন্দা জানাই। গাজার শিশুসহ যারা নিহত হয়েছেন আল্লাহ তাঁদের শহিদ হিসেবে কবুল করুক।

আজ সোমবার (০৭ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি শহিদ মিনার প্রাঙ্গণে ফিলিস্তিনে ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে শিক্ষার্থীদের আয়োজিত সংহতি সমাবেশে একাত্তা প্রকাশ করতে গিয়ে তিনি এসব কথা বলেন।


সমাবেশে নোবিপ্রবি উপাচার্য আরও বলেন, মাতৃভূমি রক্ষার অধিকার সবার রয়েছে। ইসরায়েল তাদের মারণাস্ত্র ব্যবহার করে ফিলিস্তিনের সাধারণ জনগণকে যেভাবে হত্যা করছে আমরা তা কিছুতেই মেনে নিতে পারি না। তারা কি তাদের সন্তানদের এভাবে হত্যা করলে মেনে নিতো? একমাত্র মুসলমান বলেই কি এই হত্যাকাণ্ড? আমরা চাই, ফিলিস্তিন একটি স্বাধীন ও মুক্ত রাষ্ট্র হিসেবে টিকে থাকুক। একই সঙ্গে ইসরায়েলের প্রেসিডেন্টসহ গণহত্যার সঙ্গে জড়িতদের মানবতাবিরোধী অপরাধের দায়ে বিচারের আওতায় আনার দাবি জানাচ্ছি। অবিলম্বে এ জুলুম-নির্যাতন বন্ধ করতে হবে। গাজাবাসীর জন্য তরুণ প্রজন্ম যে প্রতিবাদের আয়োজন করেছে এ জন্য আমরা তাঁদের সাধুবাদ জানাই। আজকের এই প্রতিবাদের মাধ্যমে সারা বিশ্বে জানাতে চাই, আমরা গাজাবাসীর পক্ষে আছি। আল্লাহ যেন ফিলিস্তিনকে একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে কবুল করেন এই আশাবাদ ব্যক্ত করছি।

সমাবেশে অংশ নিয়ে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, বিশ্বজুড়ে আজ ইসরায়েলের গণহত্যার প্রতিবাদ হচ্ছে। আমাদের এ প্রতিবাদ করে যেতেই হবে। ছোট একটি আন্দোলন থেকে জুলাই আন্দোলনে এত বড় সফল আসবে, আমরা কেউই তা জানতাম না। তাই প্রতিবাদ জারি রাখতে হবে, সফলতা যে কোনো সময় আসতে পারে।

সমাবেশে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ বলেন, ফিলিস্তিনে ইসরায়েলি যে নিষ্ঠুরতা দেখাচ্ছে, তা খুবই জঘন্য। আমরা এর তীব্র প্রতিবাদ জানাই। ইসরায়েলের এ হত্যায়ুক্ত বন্ধে বিশ্ব মানবতা বিশেষ করে মুসলিম বিশ্বের ঐক্য নিশ্চিত করতে হবে।

সমাবেশে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এর আগে ফিলিস্তিনের নিরীহ জনগণের ওপর ইসরায়েলের বর্বর আত্মসন ও গণহত্যার প্রতিবাদে বিশ্বব্যাপী শিক্ষার্থীদের ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচির সঙ্গে একাত্তা প্রকাশ করে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) কর্তৃপক্ষ সোমবার (৭ এপ্রিল ২০২৫) বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করে। এছাড়াও সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত অফিসসমূহ বন্ধ রাখা হয়।



রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।